# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 30 June, 2025

সবশেষ বিপিএল চ্যাম্পিয়ন ফরচুন বরিশাল ইতোমধ্যে আগামী আসরের জন্য দল গোছানো শুরু করে দিয়েছে। বিশেষ করে বিদেশি ক্রিকেটার নিয়েই চলছে কৌশলী প্রস্তুতি। বরিশাল কর্তৃপক্ষ জানিয়েছে, তারা ছয়জন বিদেশি ক্রিকেটারের সঙ্গে আগেভাগেই চুক্তি সম্পন্ন করেছে।

তবে দলের স্বার্থে এখনই সেই ক্রিকেটারদের নাম প্রকাশ করছে না তারা। বরিশালের কর্ণধার মিজানুর রহমান বলেন,

"নাম প্রকাশ করলে কুমিল্লা কিংবা রংপুরের মতো দলগুলো কৌশলগতভাবে ওই খেলোয়াড়দের আরও বেশি অর্থের প্রস্তাব দিয়ে আমাদের পরিকল্পনা ভেস্তে দিতে পারে।"

তিনি আরও যোগ করেন,

"যেদিন মাঠে নামবে, সেদিনই সবাই জানবে তারা কারা।"

পেছনের আসরে ছিলেন শাহীন শাহ আফ্রিদি ও মোহাম্মদ নবি

গেল আসরে ফরচুন বরিশালের হয়ে খেলেছেন পাকিস্তানি পেসার শাহীন শাহ আফ্রিদি, মোহাম্মদ নবি, কাইল মায়ার্স, ও ফাহিম আশরাফের মতো তারকা ক্রিকেটাররা। ফলে দলটি বিদেশি শক্তির দিক থেকে বেশ সমৃদ্ধ ছিল, যার প্রতিফলন দেখা গেছে শিরোপা জয়ে।

এদিকে, জিমি নিশামকে দলে রেখে খেলানো হয়নি কেন—সেটিও ব্যাখ্যা করেছেন মিজান।

“প্রতিপক্ষ যদি খুলনা হতো, তাহলে নিশাম খেলতেন। কিন্তু চট্টগ্রাম হওয়ায় স্কোয়াডের কম্বিনেশনে তার জায়গা হয়নি।তবুও, তিনি দলের অংশ ছিলেন এবং জয়ী দলে গুরুত্বপূর্ণভাবে পাশে থেকেছেন।”

ফরচুন বরিশাল এবারও পরিকল্পনায় এগিয়ে থাকতে চায়। সময়ের আগেই বিদেশি চুক্তি সম্পন্ন এবং কৌশলগত গোপনীয়তা ধরে রেখে তারা বোঝাতে চাচ্ছে–আগামী বিপিএলেও চ্যাম্পিয়ন দলের ভাবমূর্তি ধরে রাখাই তাদের মূল লক্ষ্য।

বিপিএল ক্রিকেট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 00:39

URL: https://www.timestodaybd.com/sports/3931775807